যুগান্তর

তারিখ ... 8. JUL 2009 ...
পৃষ্ঠা ... ২৯ কলাম ... ৪ ...

# ঢাবি ইংরেজি সান্ধ্যকালীন মাস্টার্স কোর্স চালুর সিদ্ধান্ত স্থগিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষার্থীদের আন্দোলনের মুখে স্থগিত হল ঢাকা বিশ্ববিদ্যালয় ইংরেজি বিভাগের সান্ধ্যকালীন মাস্টার্স কোর্স চালুর সিদ্ধান্ত। মঙ্গলবার বিভাগীয় একাডেমিক কমিটির বৈঠকে ওই সিদ্ধান্ত নেয়া হয়।

এ সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিভাগের আন্দোলনকারী শিক্ষার্থীরা। এর আগে বেলা ১১টায় একাডেমিক কমিটির বৈঠক চলাকালে তারা ওই কক্ষের বাইরে অবস্থান কর্মসূচি পালন করে।

এ ব্যাপারে বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. খোন্দকার আশরাফ হোসেন সাংবাদিকদের বলেন, সান্ধ্যকালীন কোর্স সিনেট, একাডেমিক কাউন্সিল ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অনুমোদন দিয়েছে। তাই ওই সিদ্ধান্ত বাতিলের ক্ষমতা বিভাগের হাতে নেই। তবে শিক্ষার্থীদের জোর দাবির কারণে তা সাময়িকভাবে স্থগিত করা হয়েছে।